



বাংলাদেশ দূতাবাস, মাস্কাট

سفارة بنغلاديش، مسقط  
EMBASSY OF BANGLADESH  
Villa No. 4207, Way No. 3052, Shatti Al Qurum  
MUSCAT

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, মাস্কাট এ শহিদ শেখ রাসেল-এঁর ৬০তম জন্মদিন 'শেখ রাসেল দিবস-২০২৩' উদযাপন

মাস্কাট, ১৮ অক্টোবর ২০২৩

বাংলাদেশ দূতাবাস, মাস্কাট এর আয়োজনে 'শেখ রাসেল দীপ্তিময়, নির্ভীক নির্মল দুর্জয়' - এই প্রতিপাদ্যকে সামনে রেখে যথাযোগ্য মর্যাদা ও ভাব-গান্ধীর্যের মধ্য দিয়ে ১৮ অক্টোবর ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেল এঁর- ৬০তম জন্মদিন স্মরণে 'শেখ রাসেল দিবস' পালিত হয়েছে। মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম এঁর সভাপতিত্বে মাস্কাটে বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ, পেশাজীবী, ব্যবসায়ীগণ ও শিশু-কিশোর এবং দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এ দিন দূতাবাসের অভ্যন্তরে স্থাপিত শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, পবিত্র ত্রিপিটক ও পবিত্র গীতা পাঠের মধ্য দিয়ে মূল অনুষ্ঠান শুরু হয়। পরে দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণীসমূহ পাঠ করে শোনানো হয়।

দিবসটি উপলক্ষ্যে আয়োজিত আলোচনা পর্বে বক্তারা শহিদ শেখ রাসেলের স্মৃতিচারণ করেন। দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম তাঁর বক্তব্যের শুরুতে ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহিদদের এবং ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহিদ এবং বীর মুক্তিযোদ্ধাদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। এ সময় তিনি শেখ রাসেলের কথা স্মরণ করে বলেন, সदा হাস্যোজ্জ্বল, প্রাণচঞ্চল ছিলেন নিষ্পাপ শিশু রাসেল। শৈশব থেকেই দূরন্ত, প্রাণবন্ত শেখ রাসেল ছিলেন বঙ্গবন্ধু পরিবারের অতি আদরের। ৭৫-এর ঘাতকেরা তাকেও রেহাই দেয়নি। আজ তিনি বেচে থাকলে, আমরা নিঃসন্দেহে একজন দূরদর্শী নেতা পেতাম। দেশের শিশু-কিশোর, তরুণ প্রজন্মের কাছে শেখ রাসেল এক ভালোবাসার নাম।

মান্যবর রাষ্ট্রদূত দূতাবাস কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। পরে শহিদ শেখ রাসেল এঁর আহ্বার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয় এনং এরপর শহিদ শেখ রাসেলের উপর নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

সবশেষে শহিদ শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়। মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম অনুষ্ঠানে আগত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এসময় তিনি ওমান প্রবাসী সকল বাংলাদেশীকে স্থানীয় আইন কানুন মেনে চলতে এবং বৈধ উপায়ে বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণের জন্য অনুরোধ করেন। তিনি দেশের সুনাম অক্ষুণ্ন রাখতে এবং দেশের উন্নয়নে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান।

উপস্থিত সবাইকে আপ্যায়নের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

